দৈনিক ইনকিলাব

৩০/৭/২০০১

তারিখ ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩ ...

# এসএম হলে গভীর রাতে ছাত্রলীগের দু'গ্রুপে সংঘর্ষ ১০ ক্যাডার আহত

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয়ের এসএম হলে গত শনিবার গভীর রাতে ছাত্রলীগের দু'গ্রুপের মধ্যে সংঘটিত সংঘর্ষে ১০ ছাত্রলীগ ক্যাডার আহত হয়। আভ্যন্তরীণ কোন্দলের জের ধরে এ ঘটনা ঘটে। হল সূত্র জানায়, এসএম হলের সাংগঠনিক সম্পাদক গালিব গ্রুপের কর্মীরা শনিবার রাতে হলের ২৪ নম্বর কক্ষে আরেফীন নামে এক ছাত্রলীগ

৭-এর পৃঃ ৫-এর কঃ দেখুন

## এসএম হল

প্রথম পৃষ্ঠার পর

কর্মীকে সীট দিতে চাইলে সংঘর্ষের সূত্রপাত ঘটে। গালিবের প্রতিপক্ষ বিশ্ববিদ্যালয় শাখার নেতা ইমন গ্রুপের কর্মীরা এ সময় আরেফীনকে মারধর করলে দু'গ্রুপের মধ্যে উত্তেজনা ছড়িয়ে পড়ে। এক পর্যায়ে তা সংঘর্ষে রূপ নেয়। রাত ২টা থেকে প্রায় দু'ঘন্টাব্যাপী সংঘর্ষ চলাকালে রামদা, চাপাতি, লাঠিসোঁটাসহ দু'গ্রুপের ক্যাডারদের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া হয়। সংঘর্ষে উভয়পক্ষের কমপক্ষে ১০ জন আহত হয়। আহতদের মধ্যে ছয় জনকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। এরা হলো রুহুল কুদ্দুস (বাংলা), কিবরিয়া (লোক প্রশাসন), ওমর (ব্যবস্থাপনা), মিজান (সমাজবিজ্ঞান), শরীফ (ইসলামী শিক্ষা) এবং শ্রাবণ। এরা সকলেই গালিব গ্রুপের ক্যাডার। এদের মধ্যে কিবরিয়া ও মিজানের অবস্থা গুরুতর। গভীর রাতে দু'গ্রুপের সংঘর্ষের কারণে সাধারণ ছাত্রদের মাঝে আতংক ছড়িয়ে পড়ে। অনেকেই উদ্বেগ-উৎকণ্ঠায় দিশেহারা হয়ে পড়ে। বর্তমানে দু'গ্রুপের মাঝে টানটান উত্তেজনা বিরাজ করছে। ইমন ও গালিব ছাত্রলীগের শরীয়তপুর - মাদারীপুর গ্রুপের হলে হল নিয়ন্ত্রণ নিয়ে